



ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিষয়প্রাপ্তরা ভর্তিতে আগ্রহী না হলে বাতিল ২ জুনের মধ্যে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



ঢাকা বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে চতুর্থ বিষয় মনোনয়নপ্রক্রিয়া শেষ হয়েছে। এতে বিষয়প্রাপ্ত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে অনাগ্রহী হলে আজ রোববারের (২ জুন) মধ্যে বরাদ্দ বাতিল করতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে অনলাইন ভর্তি কমিটির এক নির্দেশনায় বলা হয়েছে, চতুর্থবার (২৭ মে সম্পন্ন করা) বিষয় বরাদ্দের পর বরাদ্দপ্রাপ্ত কোনো প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে অনাগ্রহী হলে তাঁকে ২ জুনের মধ্যে তাঁর বরাদ্দ বাতিল করে জমাকৃত ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে ফেরত নিতে পারবেন। ২ জুনের পর বরাদ্দপ্রাপ্ত সব প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় পাওনাদি পরিশোধ করে বরাদ্দ করা বিষয়ে ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তির পর একজন শিক্ষার্থী নিজ ইচ্ছায় ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি বাতিলের পর ট্রান্সক্রিপ্ট ফেরত নিতে পারবেন।

এদিকে ১ জুন বেলা তিনটার মধ্যে চতুর্থ ধাপে বিষয় বরাদ্দপ্রাপ্তদের আগাম টাকা জমা দিতে বলা হয়েছিল। এ-সংক্রান্ত প্রক্রিয়া সম্পন্ন না করা হলে শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে আগ্রহী নয় বলে গণ্য হবে এবং তাঁর মনোনীত বিষয় প্রত্যাহার করে বিষয়ের আসনটি অন্য শিক্ষার্থীকে পরবর্তী মনোনয়নে বরাদ্দ করা হবে। পরবর্তী কোনো ধাপের বিষয় মনোনয়নে তিনি আর বিবেচিত হবেন না।

By using this site, you agree to our Privacy Policy.

যাঁরা প্রথম মনোনয়নে অটোমাইগ্রেশন বহালের জন্য টাকা জমা করেছেন, তাঁরা অটোমাইগ্রেশনের জন্য আবার টাকা জমা করতে হবে না। যদি তাঁরা মাইগ্রেশন বন্ধ করতে চান, তবে তাঁরা মাইগ্রেশন বন্ধ নিশ্চিত করার জন্য টাকা জমা করবেন। শিক্ষার্থীদের সাক্ষাৎকারের সময়সূচি সংশ্লিষ্ট ভর্তির ইউনিট অনলাইনে প্রকাশ করবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যেকোনো একটি ধাপে একজন বিষয় বরাদ্দপ্রাপ্ত (কোটার জন্য আবেদন করা শিক্ষার্থী মেধায় বিষয় বরাদ্দ পেলেও) শিক্ষার্থীকে পরবর্তী ধাপের বিষয় বরাদ্দ/ভর্তিপ্রক্রিয়ায় অংশগ্রহণ করতে দুটি কাজ অবশ্যই করতে হবে। প্রথমটি হলো বরাদ্দ করা বিষয়ের জন্য প্রয়োজ্য ভর্তি ও অন্যান্য ফির একটি অংশ নিম্নলিখিত হারে নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে জমা দিয়ে তার রসিদ সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য, এ অগ্রিম টাকা ভর্তির সময়ে ভর্তি ও অন্যান্য ফি জমাদানের সময় সমন্বয় করা হবে। (অ) চূড়ান্তভাবে শিক্ষার্থীর বিষয় বরাদ্দ হলে (পছন্দক্রমের প্রথম বিষয়টি বরাদ্দ হলে অথবা শিক্ষার্থী নিজ ইচ্ছায় বরাদ্দ করা বিষয়ে অধ্যয়নে আগ্রহী হয়ে পরবর্তী ধাপগুলোতে অটোমাইগ্রেশন বন্ধ করলে) ৫০০ টাকা (আ) পরবর্তী ধাপের বিষয় বরাদ্দের সময় মাইগ্রেশনের মাধ্যমে পছন্দক্রম অনুযায়ী সামনের বিষয়গুলোর জন্য অপেক্ষমাণ থাকতে ১০০ টাকা। দ্বিতীয়ত, আগাম পরিশোধের রসিদ (দুই পাতা) ও উচ্চমাধ্যমিক/সমমান এবং মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল গ্রেডশিট/মার্কশিটসহ সংশ্লিষ্ট ইউনিটের নোটিশে উল্লিখিত নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণ করে সেগুলো জমা দিতে হবে।

চূড়ান্ত (৫ম ধাপ) বরাদ্দ সম্পন্ন করার মাধ্যমে সব আসন পূর্ণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিষয় বরাদ্দের কাজ শেষ হবে এবং ভর্তিপ্রক্রিয়া শুরু হবে। এরপর নতুন করে আর বিষয় বরাদ্দের মাধ্যমে ভর্তির সুযোগ নেই। আগামী ১ জুলাই সব বিভাগ ও ইনস্টিটিউটে ক্লাস শুরু হবে।

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির চতুর্থ ধাপের বিষয় বরাদ্দ প্রকাশ করা হয়েছে। পরবর্তী একটি ধাপে (৪ জুন) বিষয় বরাদ্দ চূড়ান্ত করা হবে। কোটায় বিষয় বরাদ্দপ্রাপ্ত শিক্ষার্থীরা ৩ জুন রাতে তাঁদের বরাদ্দ করা বিষয় দেখতে পাবেন।

*বিস্তারিত জানতে এখানে [ক্লিক করুন](#)



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো